
দৈনিক সংবাদ

তারিখ 21 MAR 1986
পৃষ্ঠা 1 কলাম 5

046



দুইদফা দাবী আদায়ের লক্ষ্যে ধর্মঘটী বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষকেরা গতকাল বৃহস্পতিবার বঙ্গভবনের কাছে রাজপথের উপর অবস্থান নেন।

# ধর্মঘটী শিক্ষকরা রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি প্রদান করতে পারেননি

(নিজস্ব বার্তা পরিবেশক)

ধর্মঘটী বেসরকারী মাধ্যমিক স্কুল শিক্ষকেরা গ্রেফতারকৃত শিক্ষকদের মুক্তিদান ও দুই দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে দেশব্যাপী মাধ্যমিক স্কুল শিক্ষকদের অবিরাম ধর্মঘটের কর্মসূচী অব্যাহত রাখার সিদ্ধান্ত নিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার অপরাহ্নে কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে আয়োজিত শিক্ষক মহাসমাবেশের ঘোষণায় বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদ নেতৃবৃন্দ এ সিদ্ধান্ত জানান। সারাদেশ থেকে আগত কয়েক হাজার ধর্মঘটী বেসরকারী মাধ্যমিক স্কুলশিক্ষক এ মহাসমাবেশে অংশ নেন।

উল্লেখ্য, দাবী বাস্তবায়নের লক্ষ্যে সারাদেশের বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষকেরা গত ২২শে ফেব্রুয়ারী থেকে অবিরাম কর্মবিরতি পালন করছেন।

গতকালের মহাসমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদের নেতা জনাব আবদুন নূর চৌধুরী। ছাত্র সংগ্রাম পরিষদের নেতা জনাব আখতারুজ্জামানও সমাবেশে বক্তব্য রাখেন।

সভাপতির ভাষণে জনাব আবদুন নূর চৌধুরী বলেন, সারাদেশের শিক্ষকসমাজ যখন তাদের দাবী আদায়ের লক্ষ্যে শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাচ্ছিলেন তখন সরকার আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের উদ্যোগ না নিয়ে কঠোরতার পথ বেছে নিয়েছেন। ফলে সিলেটে ছাত্রের প্রাণহানি হয়েছে, অনেক

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ধর্মঘটী শিক্ষকরা

(১ম পাতার পর)

...ত্র-শিক্ষক-অভিভাবক নির্যাতন ...বন্দীত্বের শিকার হয়েছেন, ...লিয়া ও গ্রেফতারী পরোয়ানা ...রি করে শিক্ষকদের হয়রানিও ...রা হচ্ছে। তিনি বলেন, দাবী ...দায় না হওয়া পর্যন্ত শিক্ষকেরা ...র ফিরে যাবেন না।

ছাত্র সংগ্রাম পরিষদের নেতা ...নাব আখতারুজ্জামান বলেন, ...রকারের মনে করা উচিত নয় ..., শিক্ষকরা একা একা আন্দোলন ...লিয়ে যাচ্ছেন। ছাত্রসমাজও ...ই আন্দোলনে অংশ নিয়েছে ...বং সকলের সম্মিলিত আন্দোলনের মাধ্যমেই শিক্ষকদের দাবী ...আদায় করা হবে।

সভায় গৃহীত এক প্রস্তাবে ...লিশের গুলীতে নিহত ও আহত ...ত্র-শিক্ষকদের পরিবারবর্গকে ...থোপযুক্ত ক্ষতিপূরণ দান ও ...বচার বিভাগীয় তদন্তের মাধ্যমে ...য়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি ...বী করা হয়। অন্যান্য প্রস্তাবে গ্রেফতারকৃত সকল শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র অভিভাবকের নিঃশর্ত মুক্তি, হুলিয়া ও গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহার ও শিক্ষক প্রশিক্ষণার্থীদের অবিলম্বে হোস্টেলে প্রত্যাবর্তনের ব্যবস্থা করার দাবী জানানো হয়।

মহাসমাবেশ শেষে শিক্ষকদের একটি বিরাট মিছিল বঙ্গভবনের দিকে রওনা হয়। গুলিস্তান কামান পয়েন্ট পার হবার পর পুলিশ তাদের গতিরোধ করে। শিক্ষকেরা বঙ্গভবনের সম্মুখস্থ পার্কের কাছে অবস্থান নেন ও রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি প্রদান করার অভিপ্রায় প্রকাশ করেন। তখন বঙ্গভবন থেকে জানানো হয় যে, রাষ্ট্রপতি বঙ্গভবনে নেই। তারা স্মারকলিপি বঙ্গভবনের গেটে জমা দিয়ে যাওয়ারও আহ্বান জানান। কিন্তু শিক্ষকেরা কেবলমাত্র রাষ্ট্রপতির হাতে স্মারকলিপি প্রদানের ইচ্ছা জানিয়ে সন্ধ্যা ৬টা পর্যন্ত সেখানে অবস্থান করেন। ছ'টার পর তারা স্মরকলিপি প্রদান না করেই চলে যান।